গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.pmo.gov.bd

## প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিলের আওতায় পিএইচডি বৃত্তি বিজ্ঞপ্তি

নথি নং-০৩.০০.২৬৯০.০৭৪.০০.০০১.২০২২-২২ তারিখঃ ২৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ
১০ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ

গবেষণা ও জাতীয় চাহিদার ভিত্তিতে উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী "প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল" থেকে প্রতি বছর গবেষকদের বৃত্তি প্রদান করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২৩ সালের জন্য বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় ২০২৩ সালের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান হতে নীতিমালায় উল্লিখিত বিষয়সমূহে পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। যথাঃ (ক) অর্থনীতি/সামাজিক বিজ্ঞান; (খ) জীব বিজ্ঞান; (গ) ফার্মেসী, চিকিৎসা বিজ্ঞান ও কমিউনিটি মেডিসিন; (ঘ) ভৌত বিজ্ঞান; (ঙ) প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান; (চ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি; (ছ) খাদ্য, কৃষি ও সমুদ্র বিজ্ঞান; (জ) কলা/মানবিক; (ঝ) বাণিজ্য; (ঞ) আইন; (ট) জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান এবং (ঠ) মহাকাশ বিজ্ঞান।

০৩। অনুচ্ছেদ-২ এ বর্ণিত বিষয়সমূহের অধীনে আশ্রয়ণ প্রকল্প, ডিজিটাল বাংলাদেশ, স্মার্ট বাংলাদেশ, নারী উন্নয়নসহ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগসমূহের বাস্তবায়নের প্রেক্ষাপটে বাংলাদেশের আর্থ-সামাজিক পরিস্থিতির উপর প্রভাব সংশ্লিষ্ট গবেষণাকে উৎসাহিত করা হবে।

০৪। পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে আবেদনকারীকে শিক্ষার সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণি/ন্যূনতম সিজিপিএ ৩.৫ (৪-এর মধ্যে) উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীকে স্ব-উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতি ও পদ্ধতি অনুযায়ী ভর্তি থাকতে হবে বা ভর্তির জন্য নিশ্চয়তা পত্র (Letter of Acceptance) সংগ্রহ করতে হবে। ২০২৩ সাল থেকে শুরু হয়েছে এমন কোর্সে ভর্তি হয়েছেন বা ভর্তির নিশ্চয়তা পেয়েছেন এমন পিএইচডি কোর্সের গবেষকগণই কেবলমাত্র বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

০৫। আবেদনকারীর বয়সসীমা **অনূর্ধ্ব ৩৫ বছর**। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে আবেদন করতে হবে।

০৬। বিশেষ ক্ষেত্রে গবেষণার মেয়াদ সর্বোচ্চ ০৪ বছর পর্যন্ত বৃদ্ধি করা হলেও বৃত্তির মেয়াদ ০৩ বছরেই সীমাবদ্ধ থাকবে। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালায় উল্লিখিত হারে বৃত্তি প্রদান করা হবে। এছাড়া উপাত্ত সংগ্রহ, বই-পুস্তক ক্রয় ও মুদ্রণ/কম্পিউটার কম্পোজের জন্য প্রত্যেক গবেষককে এককালীন অনুদান প্রদান করা হবে। গবেষণা তত্ত্বাবধায়ককে গবেষণা কার্য সমাপ্তির পর এককালীন সম্মানী প্রদান করা হবে। একাধিক তত্ত্বাবধায়কের ক্ষেত্রে এককালীন সম্মানী ভাতা ৬০:৪০ হারে ভাগ করে প্রদান করা হবে।

০৭। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালা বাস্তবায়ন কমিটি বৃত্তি প্রদানের ক্ষেত্রে এই নীতিমালায় উল্লিখিত আর্থিক সুবিধাদিসহ যেকোন শর্ত সংশোধন, সংযোজন ও বিয়োজন করতে পারবে।

০৮। প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইট (www.pmo.gov.bd এবং www.shed.gov.bd) হতে নীতিমালা এবং আবেদনপত্রের ফরম ডাউনলোড করা যাবে। এছাড়াও নীতিমালা এবং আবেদনপত্রের ফরম সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, আণবিক শক্তি কমিশন, বিসিএসআইআর, বিআইডিএস, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এর রেজিস্ট্রারের কার্যালয় হতে সংগ্রহ এবং ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

০৯। আবেদনকারীকে সম্প্রতি তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ও মার্কশীটসমূহের সত্যায়িত কপিসহ আবেদনপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে **৩১/০৩/২০২৩** খ্রি. তারিখের মধ্যে নিম্নের ঠিকানায় প্রেরণ করতে হবে। খামের উপরে আবশ্যিকভাবে **'প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল পিএইচডি বৃত্তি আবেদন'** উল্লেখ করতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও মার্কশীটসমূহ সাক্ষাৎকার প্রদানকালে প্রদর্শন করতে হবে। এ বৃত্তি সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে নিম্নবর্ণিত নম্বরে (অফিস চলাকালে সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে।

**আবেদন জমা প্রদানের ঠিকানা**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
কক্ষ নং-২০৬
প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

Taif 24/01/2023

(মীর তায়েফা সিদ্দিকা)
পরিচালক -৭
প্রধানমন্ত্রীর কার্যালয়
ফোনঃ ৫৫০২৯৪২৭
E-mail-dir7@pmo.gov.bd

ক্রমিক সংখ্যাঃ...........

**প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিলের আওতায় পিএইচডি বৃত্তির আবেদনপত্র।**

১। আবেদনকারীর নামঃ.......................................................................

২। পিতার নামঃ...............................................................................

৩। মাতার নামঃ...............................................................................

৪। জন্ম তারিখঃ...................................বয়স (০১-০২-২০২৩ ইং)...............................

৫। জাতীয়ঃ......................................................................................

৬। ঠিকানাঃ

(ক) বর্তমান (মোবাইল নম্বরসহ)......................................................................

(খ) স্থায়ী.......................................................................................

৭। বিজ্ঞপ্তি অনুযায়ী কোন বিষয়ের জন্য আবেদনঃ..........................................................

৮। পিএইচডি ডিগ্রীর লক্ষ্যে ছাত্র হিসেবে ভর্তিকৃত কিনা? | হ্যাঁ | না |

হ্যাঁ হলেঃ

(ক) রেজি নং.....................................(খ) সেশন.........................................
(গ)
প্রতিষ্ঠানঃ......................................................................................

৯। চাকুরীতে থাকলেঃ..............................................................................

(ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ...................................................................
.................................................................................................
(খ) চাকুরীতে যোগদানের তারিখঃ.... ............(গ) পদবীঃ. ...........................................

(ঘ) স্থায়ী/অস্থায়ীঃ...........................................................................
(ঙ) নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র সংযুক্ত করতে হবে।

১০। নিম্নেবর্নিত বিষয় অন্তর্ভূক্ত করে ৫০০ শব্দের মধ্যে সম্পন্নকৃত একটি বিবরণী (Synopsis) ঃ

(ক) প্রস্তাবিত গবেষণা কর্মের উদ্দেশ্য ও লক্ষ্য;

(খ) বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণা কর্মের প্রাসংগিক দিক ও তার সম্ভাব্য প্রয়োগ;

(গ) গবেষণা কর্মে অনুসৃত পদ্ধতিগত কার্যক্রম;

১১। যে প্রতিষ্ঠানে/সংস্থায় গবেষণা কাজ করছেন তার নাম ও ঠিকানাঃ.........................................
.................................................................................................
১২। থিসিস তত্ত্বাবধায়কের নাম ও পদবীঃ..............................................................

১৩। সহ-তত্ত্বাবধায়কের নাম ও পদবীঃ...................................................................

১৪। শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রার্থিতা বিষয়ে পিএইচডি কোর্সে ভর্তির Letter of Acceptance পেয়েছেন কিনাঃ | হ্যাঁ | না |

(প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন। হ্যাঁ হলে Letter of Acceptance এর মূলকপি সংযুক্ত করুন)
শিক্ষাগত যোগ্যতা (সকল সার্টিফিকেট/মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

১৫। শিক্ষাগত যোগ্যতা (সকল সার্টিফিকেট/মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

| পরীক্ষার নাম | বছর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/শ্রেণী | মোট নম্বরের শতকরা হার জিপিএ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৬। বিশেষ কোর্স/প্রশিক্ষণে অংশগ্রহণ (যদি থাকে)

১৭। গবেষণার অভিজ্ঞতা (যদি থাকে)

১৮। প্রার্থী সম্পর্কে তথ্য প্রদানে সক্ষম এমন দু'জন শিক্ষক/গবেষক-এর নাম ও ঠিকানা (তাঁদের নিকট থেকে পৃথক পৃথক প্রশংসাপত্রসহ)

(ক) ...................................................................................................................

(খ) ...................................................................................................................

বিঃদ্রঃ উক্ত আবেদনের সাথে সংশ্লিষ্ট যে কোন তথ্য আলাদাভাবে লিপিবদ্ধ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে পারেন।

তারিখঃ.................................

.................................
আবেদনকারীর স্বাক্ষর

.................................
সহ তত্ত্বাবধায়কের স্বাক্ষর (যদি থাকে)

.................................
তত্ত্বাবধায়কের স্বাক্ষর

.................................
প্রতিষ্ঠান/সংস্থা প্রধানের স্বাক্ষর

.................................
বিভাগীয় প্রধানে স্বাক্ষর